Embassy of the People's Republic of Bangladesh
3510 International Drive, NW
Washington, D.C.

https://washington.mofa.gov.bd/en/site/view/PressRelease

সংবাদ বিজ্ঞপ্তি

ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসে ৫৩তম স্বাধীনতা দিবস উদযাপিত

বঙ্গবন্ধু এবং মুক্তিযুদ্ধের শহিদের স্বপ্ন বাস্তবায়নের আহ্বান রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরানের

ওয়াশিংটন ডিসি, ২৬ মার্চ, ২০২৩ -

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, এবং মহান মুক্তিযুদ্ধে শহিদের স্বপ্ন বাস্তবায়ন করার নতুন শপথের মাধ্যমে ওয়াশিংটন ডিসিতে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে আজ (রবিবার) যথাযোগ্য মর্যাদায় ৫৩তম স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত হয়েছে।

দিবসটি উদযাপন উপলক্ষে দূতাবাস বিস্তারিত কর্মসূচির আয়োজন করে। যার মধ্যে ছিল জাতীয় পতাকা উত্তোলন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আবক্ষ মূর্তিতে পুষ্পস্তবক অর্পণ, তথ্যচিত্র প্রদর্শন এবং আলোচনাসভা।

সকালে দূতাবাস প্রাঙ্গণে যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরান কর্তৃক আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসের কর্মসূচি শুরু হয়। এসময় মিশনের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

পরে রাষ্ট্রদূত দূতাবাসের কর্মকর্তাদের উপস্থিতিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আবক্ষ মূর্তিতে পুষ্পস্তবক অর্পণ করে তার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

দিবসটি উপলক্ষে বঙ্গবন্ধু মিলনায়তনে মহামান্য রাষ্ট্রপতি মো: আবদুল হামিদ, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, পররাষ্ট্রমন্ত্রী ড. এ.কে. আবদুল মোমেন এবং পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম প্রদত্ত বাণী পাঠ করে শোনানো হয়। ডেপুটি চীফ অব মিশন ফেরদৌসী শাহরিয়ার, মিনিস্টার (কনস্যুলার) মোহাম্মদ হাবিবুর রহমান, কাউন্সেলর (পাবলিক ডিপ্লোমেসি) আরিফা রহমান রুমা এবং কাউন্সেলর ও দূতালয় প্রধান মোহাম্মদ মনিরুজ্জামান এই বাণী পাঠ করে শোনান।

পরে দূতাবাসের বঙ্গবন্ধু মিলনায়তনে স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে এক আলোচনাসভা অনুষ্ঠিত হয়।

আলোচনায় অংশ নিয়ে রাষ্ট্রদূত ইমরান মহান স্বাধীনতা ও জাতীয় দিবসকে বাংলাদেশের সবচেয়ে গৌরবময় ও স্মরণীয় দিন হিসেবে অভিহিত করেন এবং এ উপলক্ষে যুক্তরাষ্ট্রে বসবাসরত সকল বাঙালিকে আন্তরিক শুভেচ্ছা জানান।

তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধে জীবন উৎসর্গকারী ত্রিশ লাখ শহিদের প্রতিও গভীর শ্রদ্ধা জানান।

রাষ্ট্রদূত ইমরান বলেন ১৯৭১ সালের ২৫ মার্চ রাতে ঢাকায় নিরস্ত্র বাঙালিদের ওপর পাকিস্তানি সামরিক জান্তার বর্বরোচিত হামলার পরিপ্রেক্ষিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ২৬ মার্চের প্রথম প্রহরে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন।

তিনি বলেন জাতির পিতার আহ্বানে সাড়া দিয়ে এদেশের মুক্তিকামী জনতা মহান স্বাধীনতা যুদ্ধে ঝাঁপিয়ে পড়েন এবং বঙ্গবন্ধুর অবিসংবাদিত নেতৃত্বে বাংলাদেশ পাকিস্তানের বিরুদ্ধে নয় মাসের রক্তক্ষয়ী যুদ্ধের পর ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর দীর্ঘ প্রতিক্ষীত স্বাধীনতা অর্জন করে।

রাষ্ট্রদূত বলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশকে একটি উন্নত ও সমৃদ্ধ সোনার বাংলায় রূপান্তরের জন্য সারাজীবন সংগ্রাম করেছেন। কিন্তু ১৯৭৫ সালের ১৫ আগস্টের কালো রাতে স্বাধীনতাবিরোধীদের হাতে নির্মমভাবে নিহত হওয়ায় বঙ্গবন্ধু তার লালিত স্বপ্ন বাস্তবায়ন করতে পারেননি।

তিনি বাংলাদেশকে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত উন্নত ও সমৃদ্ধ দেশে পরিণত করে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধে শহিদের স্বপ্ন বাস্তবায়নে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান। রাষ্ট্রদূত ইমরান গত ১৪ বছরে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে অর্জিত বাংলাদেশের অভূতপূর্ব উন্নয়ন ও অগ্রগতি বিদেশের মাটিতে তুলে ধরার জন্য প্রবাসী বাংলাদেশিদের প্রতি অনুরোধ জানান।

ডিফেন্স অ্যাটাচে ব্রিগেডিয়ার জেনারেল মোঃ শাহেদুল ইসলামও আলোচনায় অংশ নেন এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরেন। তিনি স্বাধীনতা সংগ্রামে সশস্ত্র বাহিনীর বীর সেনানীদের গুরুত্বপূর্ণ অবদান সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।

পরে জাতির পিতা ও মুক্তিযুদ্ধে জীবনদানকারী সকল শহিদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে এক বিশেষ মোনাজাতের আয়োজন করা হয়। কর্মসূচি পরিচালনা করেন ফার্স্ট সেক্রেটারি মোঃ আতাউর রহমান।

এজেডএম সাজ্জাদ হোসেন
মিনিস্টার (প্রেস)
বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি।

Press Release

53rd Independence Day celebrated at Bangladesh Embassy in Washington DC: Ambassador Imran calls for materializing dreams of Bangabandhu and Liberation War martyrs

Washington DC, 26th March, 2023 —

The Bangladesh Embassy in Washington DC today (Sunday) celebrated the 53rd Independence and National Day with a fresh vow to materialize the dreams of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and the martyrs of the great Liberation War.

To celebrate the day, the Embassy arranged elaborate programs that included hoisting of the National Flag, placing a floral wreath at the bust of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman, screening of a documentary and discussion session.

The day's programs began in the morning with ceremonially hoisting of the National Flag by Bangladesh Ambassador to the United States Muhammad Imran on the Chancery premises. Officials and employees of the Mission were present on the occasion.

Later, the Ambassador placed a floral wreath at the bust of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman in the presence of the officials of the Embassy.

The messages issued on the occasion by President Md. Abdul Hamid, Prime Minister Sheikh Hasina, Foreign Minister Dr A. K. Abdul Momen, and State Minister for Foreign Affairs Md Shahriar Alam were read out.

Deputy Chief of Mission Ferdousi Shahriar, Minister (Consular) Mohammad Habibur Rahman, Counsellor (Public Diplomacy) Arifa Rahman Ruma and Counsellor and Head of Chancery Mohammad Moniruzzaman read out the messages.

Later, a discussion session highlighting the significance of the Independence and National Day was held at the Bangabandhu Auditorium of the Embassy.

Taking part in the discussion session, Ambassador Imran termed the great Independence and National Day as the most glorious and memorable day of Bangladesh and extended his heartfelt greetings to all Bangalees across the USA on the occasion.

He also paid deep homage to Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and three million martyrs who sacrificed their life for the cause of independence.

Ambassador Imran said in the wake of the Pakistani army's barbaric attack on the unarmed Bangalees in Dhaka on the night of 25th March in 1971, Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman formally declared the independence of Bangladesh at the first hour of 26th March.

The nation, he said, soon launched the War of Liberation at the call of the Father of the Nation, and under his fearless leadership, Bangladesh achieved long-cherished independence on December 16 in 1971 after the nine-month bloody war against Pakistan.

The Ambassador said Bangabandhu Sheikh Mujibur Rahman fought throughout his life for transforming Bangladesh into a developed and prosperous ‘Sonar Bangla’ (Golden Bengal).

But Bangabandhu could not materialize his cherished dream as he was brutally assassinated by the anti-liberation elements on the black night of 15th August in 1975, Ambassador Imran continued.

He called upon all to work unitedly to materialize the dreams of Bangabandhu and martyrs of the War of Liberation by turning Bangladesh into a hunger-and-poverty-free developed and prosperous country.

Ambassador Imran also requested the expatriate Bangladeshis to project the country’s tremendous achievements and progress abroad that took place in the last 14 years under the leadership of Prime Minister Sheikh Hasina.

Defense Attaché Brigadier General Md. Shahedul Islam also took part in the discussion and highlighted the significance of the Independence and National Day. He also discussed in detail the important contribution of the members of the Armed Forces to the War of Liberation in 1971.

After the discussion, a special prayer was offered seeking eternal peace of the departed souls of the Father of the Nation and the martyrs of the Liberation War. First Secretary Md Ataur Rahman conducted the programs.

AZM Sajjad Hossain

Minister (Press)